# চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)　　০২ ফেব্রুয়ারি'২০১৩খ্রি.

## বৃদ্ধাশ্রম নির্মম ঠিকানা, মা-বাবাকে বৃদ্ধাশ্রমে পাঠাবেন না-মেয়র

যে মা-বাবা সন্তানের ভাগ্য গড়তে জীবন নি:শেষ করেন সে মা-বাবাকে বৃদ্ধাশ্রমে না পাঠানোর আহ্বান জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার শ্রী শ্রী লোকনাথ ব্রহ্মচারী শ্রীমন্দির উদ্বোধনীর ২০তম বার্ষিকী উৎসব উপলক্ষে আয়োজিত শিক্ষাবৃত্তি ও শিক্ষা উপকরণ বিতরণ অনুষ্ঠানে এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, সন্তানের জন্য সম্পদ গড়ার চেয়ে সন্তানকে সম্পদ হিসেবে গড়া জরুরি। কারণ সন্তান সুসন্তান না হলে মা-বাবাকে জীবনের সবচেয়ে অসহায় সময়ে বৃদ্ধাশ্রমে পাঠায়। আমি এখানে উপস্থিত সকলকে বলবো বৃদ্ধকালে মা-বাবার সেবা করুন, তাদের বৃদ্ধাশ্রমে পাঠাবেননা। বৃদ্ধাশ্রম এক নির্মম ঠিকানা। মা-বাবাদের জন্য নরকের চেয়েও যন্ত্রণাকর বৃদ্ধাশ্রম। বৃদ্ধাশ্রম নয়, মা-বাবার আশ্রয় হোক সন্তানের হৃদয়ে। আর, মা-বাবাদেরও বলব সন্তানকে সবচেয়ে সেরা শিক্ষা দিন, আপনার সন্তান সবচেয়ে সেরা মানুষে পরিণত হবে। আজকের অনুষ্ঠানের উপস্থিত এই শিশুরাই একদিন হয়ে উঠবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার কারিগর।

অনুষ্ঠান শেষে মেয়র সেবাশ্রমের বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শন করেন। সেবাশ্রম কর্তৃক শিশুনিকেতন নামে অনাথালয়ে ২৭জন শিশুর ভরনপোষন করায় আশ্রম কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে তারা প্রকৃত মানুষ হিসেবে গড়ে উঠবে বলে আশা প্রকাশ করেন। সেসময় মেয়র এলাকার শীতার্তদের মাঝে নিজস্ব তহবিল হতে কম্বল বিতরণ করেন।

এছাড়াও এলাকার সবধরণের সেবা কাজে তাঁর সাথে যোগাযোগের আহ্বান জানিয়ে মেয়র বলেন, মানবিক কাজে সিটি কর্পোরেশন আপনাদের সাথে আছে ভবিষ্যতেও থাকবে।

উৎসব কমিটির সভাপতি নিহার মল্লিকের সভাপতিত্বে অধ্যাপক টিংকু চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল ও প্রযুক্তি অনুষদের ডিন প্রফেসর ড. সুনীল ধর। বিশেষ অতিথি হিসেবে ছিলেন কাউন্সিলর গাজী মো: শফিউল আজিম, শৈবাল দাস সুমন, সংরক্ষিত কাউন্সিলর ফেরদৌস বেগম মুন্নি। বক্তব্য রাখেন-ট্রাস্টি অশেষ পুরোহিত, সাধারণ সম্পাদক সুব্রত বিকাশ চৌধুরী, শ্রীশ্রী রামকৃষ্ণ সেবাশ্রম ফতেয়াবাদের তত্ত্বাবধায়ক স্বামী পূর্ণব্রতানন্দ মহারাজ এবং মেরিন সিটি মেডিকেল কলেজের শিশু স্বাস্থ্য বিভাগের প্রধান অধ্যাপক ডাঃ বাসনা রানী মুহুরী, সুভাষ দাশ। আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের তত্ত্বাবধায়ক প্রকৌশলী ঝুলন কুমার দাশ, বিপ্লব দাশ, প্রাক্তন সহকারী প্রকৌশলী বিবেক কান্তি দাশ প্রমুখ।

## চট্টগ্রামের উন্নয়নে সাংবাদিকদের সহায়তা চাই-মেয়র

চট্টগ্রামের উন্নয়নে সাংবাদিকদের সহায়তা চাইলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

বৃহস্পতিবার চট্টগ্রাম প্রেস ক্লাবের নবনির্বাচিত কমিটির সাথে মতবিনিময় সভায় মেয়র এ সহায়তা চান।

মেয়র বলেন, সাংবাদিকেরা সমাজের চোখ আর গণমাধ্যম সমাজের দর্পণ। এ কারণে মেয়র হিসেবে দায়িত্ব পালন করতে গিয়ে গণমাধ্যমে প্রকাশিত বিভিন্ন সংবাদের মাধ্যমে আমি নিয়মিত জনগণের সুখ-দুঃখের কথা জানতে পারি। আমার দিন শুরু হয় সংবাদপত্র পড়ে। কোন গণমাধ্যম আমার সমালোচনা করলেও আমি সে সমালোচনা থেকে শিখে নিজেকে উন্নত করার চেষ্টা করি।এমনকি মিডিয়ায় প্রকাশিত অনেক সংবাদের প্রেক্ষিতে অনেকের বিরুদ্ধে পদক্ষেপ নিয়েছি। বিশেষ করে বাংলাবাজারে প্রায় ৫০০ অবৈধ স্থাপনা উচ্ছেদ করতে গিয়ে অনেকে বাধা দিলেও গণমাধ্যম আমার পাশে ছিল। আমি চাই এভাবে গণমাধ্যম আমাকে উন্নত চট্টগ্রাম গড়তে সাহায্য করুক।

চট্টগ্রাম প্রেস ক্লাবের প্রতিনিধিগণ জানান, চট্টগ্রামের উন্নয়ন কর্মকাণ্ডকে জনগণের কাছে পৌঁছে দিতে কাজ করছেন সাংবাদিকরা।

চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, প্যানেল মেয়র আবদুস সবুর লিটন, কাউন্সিলর গোলাম মোহাম্মদ জুবায়ের, আতাউল্লাহ চৌধুরী, পুলক খাস্তগীর, প্রেস ক্লাবের সভাপতি সালাহউদ্দিন মো. রেজা ও সাধারণ সম্পাদক দেবদুলাল ভৌমিক, সিনিয়র সহ-সভাপতি চৌধুরী ফরিদ, সহ-সভাপতি মনজুর কাদের মনজু, যুগ্ম সম্পাদক শহীদুল্লাহ শাহরিয়ার, অর্থ সম্পাদক রাশেদ মাহমুদ, সাংস্কৃতিক সম্পাদক নাসির উদ্দিন হায়দার, ক্রীড়া সম্পাদক সোহেল সরওয়ার, গ্রন্থাগার সম্পাদক আহমেদ কুতুব, সমাজসেবা ও আপ্যায়ন সম্পাদক আল রাহমান, প্রচার ও প্রকাশনা সম্পাদক খোরশেদুল আলম শামীম, কার্যকরী সদস্য জসীম চৌধুরী সবুজ, মোয়াজ্জেমুল হক, মোহাম্মদ আইয়ুব আলী ও মুক্তিযোদ্ধা মঞ্জুরুল আলম মঞ্জু এবং চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা মো. রেজাউল করিম, রাজস্ব কর্মকর্তা সৈয়দ সামশুল তাবরীজ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, উপ-সচিব আশেক রসুল টিপু, নগর পরিকল্পনা আবদুল্লাহ আল ওমর প্রমুখ।

চসিক ভ্রাম্যমাণ আদালত

## ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা করার দায়ে ৪ ব্যক্তিকে ১৮ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর হালিশহর রোড ও পোর্ট কালেকটিং রোডের অংশ ও ফুটপাত দখল করে লোহার ওয়েল্ডিং কাজ করা, হোটেলের চুলা বসানো ও ব্যবসা প্রতিষ্ঠানের মালামাল রেখে চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৮ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮